দৈনিক
ইত্তেফাক

তারিখ: 08 AUG 2016
পৃষ্ঠা: ২ কলাম: ৩

# বেসরকারি শিক্ষকরা টাইম স্কেল, সিলেকশন গ্রেড ও উচ্চতর স্কেল পাবেন না

■ ইত্তেফাক রিপোর্ট

বেসরকারি এমপিওভুক্ত প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীরা টাইম স্কেল, সিলেকশন গ্রেড এবং উচ্চতর স্কেল পাবেন না। গতকাল রবিবার শিক্ষা মন্ত্রণালয় এমন এক আদেশ জারি করেছে।

আদেশে বলা হয়, ২০১৫ সালের অনুচ্ছেদ ৪ ও ৬ অনুযায়ী ১৪ ডিসেম্বর ২০১৫ তারিখের পরবর্তী সময়ে টাইম স্কেল, সিলেকশন গ্রেড ও উচ্চতর স্কেল বিলুপ্ত হওয়ায় তা প্রদানের সুযোগ নেই। উল্লেখ্য, নতুন স্কেলে বেতন পাওয়ার পরও বেসরকারি শিক্ষকরা টাইম স্কেল, সিলেকশন গ্রেড ও উচ্চতর স্কেলের দাবি করে আসছেন। এ দাবির পরিপ্রেক্ষিতে এই আদেশ জারি করেছে মন্ত্রণালয়। বেসরকারি স্কুলের শিক্ষক-কর্মচারীরা ৮ বছর পর টাইম স্কেল পেতেন। তবে শিক্ষকরা জানিয়েছেন, নতুন পে-স্কেলে সব সুবিধা বাদ দেয়া হয়নি। জুলাই মাসের এমপিও'র সঙ্গে পূর্ব ঘোষণা অনুযায়ী ৫ শতাংশ ইনক্রিমেন্ট এবং প্রধানমন্ত্রীর ঘোষিত বৈশাখী ভাতা বেসরকারি শিক্ষক-কর্মচারীদেরকে এখনো দেয়া হয়নি বলে জানান শিক্ষক সমিতির সভাপতি নজরুল ইসলাম।